

# নারায়ণগঞ্জ টাউন ফেডারেশন

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন (৯ম তলা), ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ।

## ১. সূচনা

প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের কারিগরী সহায়তায় অত্র সিটি কর্পোরেশন এলাকায় প্রায় ১৬৪,০০০ দরিদ্র মানুষকে শহর পর্যায়ে প্রতিনিধিত্ব করার এবং তাদের সার্বিক দরিদ্রতা হ্রাসকরণে সহায়তা ও পথ নির্দেশনা প্রদানের লক্ষ্য নিয়ে গত ২০১৪ ইং সালের আগস্ট মাসে ৯ জন নির্বাচিত প্রতিনিধির সমন্বয়ে নারায়ণগঞ্জ সিডিসি টাউন ফেডারেশন গঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে উক্ত টাউন ফেডারেশন একটি শক্তিশালী, কার্যকর এবং টেকসই প্রতিষ্ঠানে পরিণত হওয়ার জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও অন্যান্য উন্নয়ন সংস্থার সাথে যোগাযোগ স্থাপন ও অংশীদারিত্বের মাধ্যমে নানামুখী উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করে যাচ্ছে। বর্তমানে নারায়ণগঞ্জ টাউন ফেডারেশনের আওতায় ৪৪,৪১১ টি পরিবার, ১৯৪৩ টি প্রাথমিক দল, ১৮৭ টি কমিউনিটি ডেভলপমেন্ট কমিটি (সিডিসি) ও ১৪ সিডিসি ক্লাস্টার রয়েছে।

## ২. নারায়ণগঞ্জ টাউন ফেডারেশনের রূপকল্প


নারায়ণগঞ্জ শহরের সকল দরিদ্র মানুষের দরিদ্রতা হ্রাসকরণে, তাঁদের জন্য অর্থনৈতিক সুযোগ এবং স্বাস্থ্যকর, নিরাপদ ও সুরক্ষিত বসবাসের পরিবেশ সৃষ্টিতে সহায়তা প্রদান করার লক্ষ্যে শহর পর্যায়ে একটি টেকসই, শক্তিশালী ও স্বনির্ভর প্রতিষ্ঠানে পরিণত হওয়া।

## ৩. নারায়ণগঞ্জ টাউন ফেডারেশনের উদ্দেশ্য

সক্ষমতা বৃদ্ধি, সম্পদের সংহতিকরণ, অংশিদারীত্ব প্রতিষ্ঠাকরণ এবং শক্তিশালী নেতৃত্বের চর্চাকরণের মাধ্যমে নারায়ণগঞ্জ শহরের সকল দরিদ্র কমিউনিটিকে সহায়তা প্রদান করা।

## ৪. সাংগঠনিক কাঠামো

নারায়ণগঞ্জ টাউন ফেডারেশন তাদের সংগঠনের জন্য নিম্নোক্ত সাংগঠনিক কাঠামো প্রস্তাব করেছে।



## ৫. টাউন ফেডারেশনের দায়িত্ব ও কর্তব্য

- ফেডারেশনের রূপকল্প, উদ্দেশ্য, মূল্যবোধ ও লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বার্ষিক কর্ম পরিকল্পনা ও আর্থিক পরিকল্পনা প্রণয়ন, পরিচালনা ও বাস্তবায়ন করা;
- সর্বোচ্চ সচ্ছতা ও জবাবদিহিতার সাথে কমিউনিটি সংগঠনগুলোকে (পিজি, সিডিসি ও সিডিসি ক্লাস্টার) উন্নত ও শক্তিশালী করার লক্ষ্যে সার্বিক নেতৃত্ব প্রদান করা;
- ফেডারেশনের মধ্যকার বিবাদ সহ কমিউনিটি সংগঠনসমূহের অন্যান্য স্তরে উদ্ভূত বিবাদ মিমাংসায় নেতৃত্ব প্রদান ও অগ্রণী ভূমিকা পালন করা;
- সঞ্চয় এবং ঋণ কার্যক্রম পরিচালনায় সিডিসিকে উৎসাহ প্রদান করা;
- প্রাথমিক দল এবং সিডিসি পর্যায়ে সঞ্চয় এবং ঋণ কার্যক্রম এর স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করা;
- প্রাথমিক দল এবং সিডিসি নিয়মিত এবং যথাযথভাবে নথিপত্র সংরক্ষণ করছে কি-না তা যাচাই করা;
- প্রাথমিক দলনেত্রী সংগৃহীত সঞ্চয় নিয়মিতভাবে সিডিসি নেত্রীর কাছে এবং সিডিসি নেত্রী সংগৃহীত সঞ্চয় নিয়মিতভাবে ব্যাংক হিসাবে জমা করছে কি-না তা যাচাই করা;
- কোন সঞ্চয়ী ও ঋণ দলের সদস্যের কাছ থেকে কোন অভিযোগ আসছে কি-না তা যাচাই করবে এবং বিবাদ মিমাংসা করার উদ্যোগ গ্রহণ করা;
- বিভিন্ন সেবাদানকারী, উন্নয়ন প্রতিষ্ঠান এবং সরকারী দপ্তরের সাথে সংযোগ ও অংশীদারিত্ব স্থাপনে এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় রক্ষায় নেতৃত্ব প্রদান করা ইত্যাদি।

## ৬. টাউন ফেডারেশনের অর্জন:

- ✓ ২৬টি ওয়ার্ডে প্রাথমিক দলের দরিদ্র ও হতদরিদ্র নারী সদস্যদের নিয়ে কমিউনিটি পর্যায়ে শক্তিশালী কমিউনিটি উন্নয়ন সংগঠন তৈরী করা (প্রাথমিক দল, সিডিসি, ক্লাস্টার, টাউন ফেডারেশন এবং সিএইচডিএফ, ইত্যাদি);
- ✓ সকল কমিউনিটি সংগঠনের বার্ষিক কর্মপরিকল্পনা তৈরী ও এর যথাযথ বাস্তবায়ন করা;
- ✓ কমিউনিটি পর্যায়ে সঞ্চয় ও ঋণ দল গঠন করার মাধ্যমে সঞ্চয় ও ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা;
- ✓ প্রকল্প ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সহযোগিতায় কমিউনিটি কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য সাবমার্জিবল পাম্পের নিরাপদ পানি, ফুটপাথ, ড্রেন, গোসলখানা ও স্বাস্থ্যসম্মত পায়খানা নির্মাণ কাজের সমন্বয়, তদারকি ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- ✓ প্রকল্প ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সহযোগিতায় দরিদ্র পিজি সদস্যদেরকে ক্ষুদ্র ব্যবসা অনুদান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, ৬ষ্ঠ-১০ শ্রেণীর মেয়ে শিক্ষার্থীদেরকে শিক্ষা সহায়তা, গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়ীদেরকে পুষ্টি ফুড বাস্কেট এবং কিশোরী/ যুবা মায়ীদেরকে পুষ্টি ভাউচার প্রদান করা, ইত্যাদি;
- ✓ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সহযোগিতায় ওয়ার্ড ভিত্তিক দরিদ্র পরিবারের মাঝে টিসিবি কার্ড বিতরণ;
- ✓ নির্বাচিত দরিদ্র বসতিতে বাল্যবিবাহের হার কমিয়ে আনতে নানানভাবে সহায়তা করা;
- ✓ বিআরটিএ-এর সাথে সংযোগ ও অংশীদারিত্ব স্থাপনের মাধ্যমে অগ্রণী নারী সদস্যদেরকে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা;
- ✓ মহিল অধিদপ্তরের সাথে সংযোগ ও অংশীদারিত্ব স্থাপনের মাধ্যমে দরিদ্র নারী ও পুরুষ সদস্যদেরকে কম্পিউটার, সেলাই, হ্যান্ডিক্রাফট, ফুড এবং বেভারেজ প্রশিক্ষণ প্রদানের কাজে সমন্বয় সাধন করা;
- ✓ জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) এর সহায়তায় দরিদ্র পরিবারের মাঝে বিভিন্ন প্রকার সবজির বীজ ও ফলের চারা বিতরণ করা;
- ✓ কুমুদিনি ট্রাষ্ট এর সহায়তায় নারী ও পুরুষদেরকে কেয়ার গিভার, নার্সিং, কম্পিউটার, ওয়েল্ডিং ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করা;
- ✓ যুবা নারীদের আত্মরক্ষার্থে 'কারাতে' প্রশিক্ষণ প্রদান করা;
- ✓ নারী নির্যাতন প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও আইনী সহায়তা প্রদান, ইত্যাদি।